SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

শক্তি বার্তা

অক্টোবর, ২০২৬ | ১৪৩৩ বঙ্গাব্দ

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

আইএমএফ–বিশ্বব্যাংক গ্রুপের ২০২৬ সালের বার্ষিক সভায় শক্তি ফাউন্ডেশনের অংশগ্রহণ





শক্তি ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক জনাব ইমরান আহমেদ, গত ১৬ অক্টোবর, থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত “জলবায়ু অর্থায়ন কি ঝুঁকিগ্রস্ত জনগোষ্ঠীর কাছে পৌঁছায়? এশিয়া-প্যাসিফিকে অভিযোজনের ফলাফল পরিমাপ” শীর্ষক প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনাটি একটি গুরুত্বপূর্ণ প্রশ্নের উপর আলোকপাত করে: আমরা কীভাবে জলবায়ু অভিযোজন অর্থায়নের প্রভাব পরিমাপ করতে পারি এবং এটি জলবায়ু পরিবর্তনের কারণে সবচেয়ে ঝুঁকিগ্রস্ত জনগোষ্ঠীর কাছে পৌঁছানো নিশ্চিত করতে পারি? শক্তি ফাউন্ডেশন এশিয়া-প্যাসিফিক অঞ্চলে অন্তর্ভুক্তিমূলক জলবায়ু কার্যক্রম এবং অভিযোজন বিষয়ক এই গুরুত্বপূর্ণ আলোচনায় অবদান রাখতে পেরে আনন্দিত

শারীরিক ও মানসিক সুস্থতা নিশ্চিতে শক্তির বিশেষ আয়োজন







অস্ট্রেলিয়ান হাইকমিশন, বাংলাদেশ-এর Direct Aid Program (DAP)-এর সহযোগিতায় CircleofCare Project-এর আওতায় গত ২৮ সেপ্টেম্বর মুগদা-মাণ্ডার কদম আলী ঝিলপাড়ে দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা ও সাইকোসোশ্যাল থেরাপি ক্যাম্প আয়োজন করে শক্তি ফাউন্ডেশন। এই আয়োজনে ২০৬ জন নারী যৌনকর্মী, ট্রান্সজেন্ডার ব্যক্তি, যৌনকর্মীদের সন্তান ও স্থানীয় বাসিন্দা চিকিৎসকের পরামর্শ, ওষুধ, ডায়াগনস্টিক পরীক্ষা এবং প্রয়োজনীয় রেফারেল সেবা গ্রহণ করেন। পাশাপাশি, যৌনকর্মী কমিউনিটির ৪–১৪ বছর বয়সী ৪০ জন শিশুর জন্য আয়োজন করা হয় প্লে ও আর্ট থেরাপি সেশন। পেশাদার সাইকোথেরাপিস্ট মাহমুদা মুহসিনা বুশরার পরিচালনায় শিশুরা খেলা ও ছবি আঁকার মাধ্যমে নিজেদের অনুভূতি প্রকাশের সুযোগ পায়। শক্তি ফাউন্ডেশন বিশ্বাস করে, সমাজের প্রতিটি মানুষের জন্য স্বাস্থ্যসেবা, মানসিক সুস্থতা ও মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করা জরুরি। তাই যারা প্রায়ই সমাজের মূল স্রোতের বাইরে থেকে যান, তাদের কাছেও প্রয়োজনীয় সেবা ও সহমর্মিতা পৌঁছে দিতে শক্তির এই উদ্যোগ অব্যাহত থাকবে।

মানসম্মত ও সাশ্রয়ী স্বাস্থ্যসেবা নিশ্চিতে শক্তির সঙ্গে BIHS General Hospital-এর চুক্তি



স্বাস্থ্যসেবাকে আরও সহজলভ্য ও সাশ্রয়ী করতে শক্তি ফাউন্ডেশন ও BIHS General Hospital -এর মধ্যে একটি তিন বছর মেয়াদি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির আওতায় শক্তির সদস্য ও পরিবার এবং শক্তির সকল কর্মী ও পরিবার বিআইএইচএস জেনারেল হাসপাতালের বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা সহ চিকিৎসা সেবায় বিশেষ ছাড় পাবেন। MoU-তে স্বাক্ষর করেন শক্তি ফাউন্ডেশনের পক্ষ থেকে সিনিয়র ডিরেক্টর এন্ড হেড অব হেলথ অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ প্রোগ্রাম, ডা. শমসের আলী খান এবং বিআইএইচএস জেনারেল হাসপাতালের মহাপরিচালক, অধ্যাপক ডা. ফজলুর রহমান। এই চুক্তির মাধ্যমে সাশ্রয়ী ও মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার পথে শক্তি ফাউন্ডেশন আরও এক ধাপ এগিয়ে গেল।

ঢাকা সাউথ রিজিওনের মাইক্রোফাইন্যান্স কর্মসূচির উন্নয়ন বিষয়ক কর্মশালা

গত ১০ অক্টোবর ২০২৬ তারিখে শক্তি ট্রেনিং অ্যান্ড রিসার্চ (STARC) সেন্টার, সাভারে ঢাকা সাউথ রিজিওনের ২৪টি শাখার মাইক্রোফাইন্যান্স অফিসার, শাখা ব্যবস্থাপক ও হিসাবরক্ষকদের অংশগ্রহণে দিনব্যাপী উন্নয়নবিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটি পরিচালনা করেন জনাব আসাদুজ্জামান, সিনিয়র ডিরেক্টর অ্যান্ড হেড অব মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম। এ সময় উপস্থিত ছিলেন জনাব মোঃ ফারুক হোসাইন খান, জয়েন্ট ডিরেক্টর, হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্ট; জনাব নাজমুল হাসান, জোনাল হেড, ঢাকা জোন; এবং শক্তি ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। কর্মশালায় মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের অগ্রগতি, গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক, মাঠপর্যায়ের বিদ্যমান চ্যালেঞ্জ এবং কার্যক্রমের মানোন্নয়ন নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি দলীয় কার্যক্রম ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে অংশগ্রহণকারীরা তাঁদের মতামত, অভিজ্ঞতা ও প্রস্তাব তুলে ধরেন। কর্মীদের পেশাগত উন্নয়ন, কর্মজীবনে অগ্রগতি এবং কর্মপরিবেশের বিভিন্ন বিষয়েও গঠনমূলক আলোচনা অনুষ্ঠিত হয়। অংশগ্রহণমূলক আলোচনা, অভিজ্ঞতা বিনিময় ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কর্মীদের দক্ষতা বৃদ্ধি এবং মাঠপর্যায়ের কার্যক্রমকে আরও কার্যকর ও গতিশীল করার ক্ষেত্রে এ কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।





জলবায়ু ও প্রকৃতি রক্ষায় অর্থায়ন নিয়ে আয়োজিত সংলাপে অংশ নিয়েছে শক্তি ফাউন্ডেশন





‘From Paris to Antalya: A Reflection on Finance for Climate and Nature’ শীর্ষক এই সংলাপে শক্তি ফাউন্ডেশনের ক্লাইমেট রেজিলিয়েন্স প্রোগ্রামের জয়েন্ট ডিরেক্টর লাবিবা রহমান জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ন্যায্য অর্থায়নের গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, জলবায়ু ও প্রকৃতির সংকট তৈরিতে যেসব দেশের ভূমিকা সবচেয়ে কম, সেই সংকট মোকাবিলার জন্য তাদের ওপর নতুন করে ঋণের বোঝা চাপানো উচিত নয়। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা এবং প্রকৃতি রক্ষার উদ্যোগ থেকে সব সময় সরাসরি আয় হয় না। তাই এসব কাজে অনুদানভিত্তিক অর্থায়ন জরুরি। পাশাপাশি সরকারি ও বেসরকারি অর্থায়ন একে অপরের পরিপূরক হিসেবে কাজ করতে হবে। নারীদের আরও বেশি অংশগ্রহণ নিশ্চিত করতেও অনুদান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। চেঞ্জ ইনিশিয়েটিভের আয়োজনে এবং ওয়াটারএইড বাংলাদেশ-এর সহযোগিতায় অনুষ্ঠিত এই সংলাপে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী Dr. Abdul Moyeen Khan, চেঞ্জ ইনিশিয়েটিভের সহ-প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী M. Zakir Hossain Khan, বাংলাদেশে সুইজারল্যান্ড দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স Diepak Elmer, অ্যাকশনএইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর Farah Kabir সহ অন্যান্য বক্তারা। সংলাপটি সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট অ্যান্ড কো-অপারেশন (SDC)-এর সহায়তায় অনুষ্ঠিত হয়।

দ্বীপ জেলা ভোলায় শক্তি ফাউন্ডেশনের নতুন পাঁচটি শাখার যাত্রা শুরু





শক্তি ফাউন্ডেশনের সম্প্রসারণ কার্যক্রমের ধারাবাহিকতায় দ্বীপ জেলা ভোলায় নতুন পাঁচটি শাখার কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। নতুন শাখা চালুর আনন্দকে স্থানীয় মানুষের সঙ্গে ভাগ করে নিতে এবং সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে গত ৬ ও ৭ অক্টোবর ২০২৬ তারিখে ব্যাংকের হাট ও বাংলা বাজার শাখায় পর্যায়ক্রমে দুই দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসাসেবা ক্যাম্পের আয়োজন করা হয়। এই ক্যাম্পে শাখার সদস্য ও স্থানীয় জনগণসহ মোট ৩০৭ জনকে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা, চিকিৎসকের পরামর্শ ও প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়। শক্তি ফাউন্ডেশন বিশ্বাস করে, আর্থিক সেবার পাশাপাশি মানুষের জীবনমান উন্নয়নেও ভূমিকা রাখা জরুরি। ভোলায় নতুন শাখা চালুর মাধ্যমে আর্থিক সেবার পরিধি বিস্তারের পাশাপাশি স্থানীয় জনগোষ্ঠীর পাশে থাকার এই অঙ্গীকার আরও সুদৃঢ় করবে ।

চট্টগ্রাম সাউথ রিজিওনের মাইক্রোফাইন্যান্স কর্মসূচির উন্নয়ন বিষয়ক কর্মশালা





গত ১৭ অক্টোবর ২০২৬ তারিখে চট্টগ্রামের ফয়'স লেক-এর হোটেল সী ওয়ার্ল্ডে চট্টগ্রাম সাউথ রিজিওনের ২১টি শাখার মাইক্রোফাইন্যান্স অফিসার, শাখা ব্যবস্থাপক ও হিসাবরক্ষকদের অংশগ্রহণে দিনব্যাপী উন্নয়নবিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটি পরিচালনা করেন জনাব অতুল কর্মকার, অপারেশনাল হেড, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম। কর্মশালায় উপস্থিত ছিলেন জনাব শংকর কুমার সরকার, ডিরেক্টর, ট্রেনিং ডিপার্টমেন্ট ; জনাব শিব্বির রহমান, জোনাল হেড, কুমিল্লা জোনসহ শক্তি ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তারা। কর্মশালায় মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের অগ্রগতি, কাজের লক্ষ্যমাত্রা ও অর্জন, মাঠপর্যায়ের বিদ্যমান চ্যালেঞ্জ এবং কার্যক্রমের মানোন্নয়ন নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি দলীয় কার্যক্রম ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে অংশগ্রহণকারীরা তাঁদের মতামত, অভিজ্ঞতা ও প্রস্তাব তুলে ধরেন। কর্মীদের পেশাগত উন্নয়ন, কর্মজীবনে অগ্রগতি এবং কর্মপরিবেশের বিভিন্ন বিষয়েও গঠনমূলক আলোচনা অনুষ্ঠিত হয়। অংশগ্রহণমূলক আলোচনা, অভিজ্ঞতা বিনিময় ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কর্মীদের দক্ষতা বৃদ্ধি এবং মাঠপর্যায়ের কার্যক্রমকে আরও কার্যকর ও গতিশীল করার ক্ষেত্রে এ কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

গাইবান্ধা রিজিওনের মাইক্রোফাইন্যান্স কর্মসূচির উন্নয়ন বিষয়ক কর্মশালা





গত ১৭ অক্টোবর ২০২৬ তারিখে ব্র্যাক লার্নিং সেন্টার, রংপুরে গাইবান্ধা রিজিওনের ১৯টি শাখার মাইক্রোফাইন্যান্স অফিসার, শাখা ব্যবস্থাপক ও হিসাবরক্ষকদের অংশগ্রহণে দিনব্যাপী উন্নয়নবিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাটি পরিচালনা করেন জনাব আসাদুজ্জামান, সিনিয়র ডিরেক্টর অ্যান্ড হেড অব মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ সিরাজুর রহমান আকাশ, ডিরেক্টর, ইনফরমেশন টেকনোলজি এবং মার্কেটিং অ্যান্ড কমিউনিকেশন বিভাগ; জনাব মাকসুদুর রহমান, জোনাল হেড, বগুড়া জোনসহ শক্তি ফাউন্ডেশনের অন্যান্য কর্মকর্তারা। কর্মশালায় মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের অগ্রগতি, গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক, মাঠপর্যায়ের বিদ্যমান চ্যালেঞ্জ এবং কার্যক্রমের মানোন্নয়ন নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি দলীয় কার্যক্রম ও অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে অংশগ্রহণকারীরা তাঁদের মতামত, অভিজ্ঞতা ও প্রস্তাব তুলে ধরেন। কর্মীদের পেশাগত উন্নয়ন, কর্মজীবনে অগ্রগতি এবং কর্মপরিবেশের বিভিন্ন বিষয়েও গঠনমূলক আলোচনা অনুষ্ঠিত হয়। অংশগ্রহণমূলক আলোচনা, অভিজ্ঞতা বিনিময় ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কর্মীদের দক্ষতা বৃদ্ধি এবং মাঠপর্যায়ের কার্যক্রমকে আরও কার্যকর ও গতিশীল করার ক্ষেত্রে এ কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

একনজরে শক্তি (অক্টোবর, ২০২৬)

বিভাগ	জেলা	জোন	রিজিয়ন	এরিয়া	ব্রাঞ্চ
৮	৫৮	৪	২৯	১২৯	৬৮৫

সদস্য
৬,৪৯,৭১৭ জন
ঋণী
৫,১২,২১১ জন

সঞ্চয় স্থিতি
১,৯৪১ কোটি

কর্মী সংখ্যা
৬,০০০ জন

ঋণস্থিতি
৩,৭৩৭ কোটি টাকা

মেডিকেল অ্যাসিস্ট্যান্ট
১০৩ জন

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪, রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১ মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬

যোগাযোগ
+৮৮ ০৯৬১৬-৮৮৮১১১
+৮৮ ০১৮১৮৯৮০৪৭৮

যোগাযোগ